ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
কমিউনিকেশন সেকশন

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২০৪.০১.০০১.১৮ নথির বিষয়: টেলিফোন সেট ক্রয় সংক্রান্ত নথি

নোট: ২১ নোটের বিষয়: **প্রধান প্রকৌশলী ও প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরের জন্য পিএ টেলিফোন সেট ক্রয় করণ প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ২১.০ - তারিখঃ ২৭/৭/২৩ ৪:০১ অপরাহ্ন

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধান প্রকৌশলী এবং প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরে ব্যবহৃত পিএ টেলিফোন সেট নষ্ট হয়ে গিয়েছে বলে উক্ত দুটি দপ্তর হতে জানানো হয়েছে (বিবেচ্য সংযুক্তি: প্রধান প্রকৌশলী ও প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তর হতে প্রাপ্ত চাহিদাপত্র, সদয় দ্রষ্টব্য)। সে প্রেক্ষিতে কমন সার্ভিস বিভাগের প্রতিনিধি দ্বারা বর্ণিত দুটি দপ্তরের নষ্ট পিএ টেলিফোন সেট সরেজমিনে পরিদর্শন করে পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে। পরীক্ষা নিরীক্ষান্তে দুটি দপ্তরের টেলিফোন সেট গুলো নষ্ট পাওয়া গিয়েছে। টেলিফোন সেট গুলো নষ্ট থাকার কারণে টেলিফোনিক যোগাযোগে অর্থাৎ কল আদান-প্রদানে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। সুতরাং বর্ণিত দুটি দপ্তরের পিএ টেলিফোন সেটগুলো জরুরী ভিত্তিতে পরিবর্তন করে নতুন টেলিফোন সেট সরবরাহ করা আবশ্যক।

০২। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে প্রধান প্রকৌশলী এবং প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরের জন্য পিএ টেলিফোন সেট ক্রয় করার নিমিত্তে সরকার মালিকাধীন টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) হতে টেলিফোনের মাধ্যমে বাজার দর যাচাই করা হয়েছে। টেশিস কর্তৃক প্রদত্ত দর অনুযায়ী প্রতি এক সেট (এক জোড়া) টেলিফোনের দাম ১২,০০০/- টাকা হিসেবে দুই সেট (দুই জোড়া) পিএ টেলিফোন ক্রয় করতে (১২,০০০×২) =২৪,০০০/- টাকা এবং আনুসাঙ্গিক অন্যান্য মালামাল ক্রয় বাবদ ৯৯০/- টাকাসহ সর্বমোট মোট (২৪০০০+৯৯০) =২৪,৯৯০/- (চব্বিশ হাজার নয়শত নব্বই) টাকা ব্যয় হবে। এ অর্থ উপ-সচিব (কমন সার্ভিস) এর অনুকূলে অস্থায়ী অগ্রিম পরিশোধের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

৩১/৭/২৩ ১১:৪৯ পূর্বাহ্ন মোঃ শাহ আলম কমিউনিকেশন অফিসার কমিউনিকেশন সেকশন	৩১/৭/২৩ ১২:১৯ অপরাহ্ন শেখ এনায়েত আব্দুল্লাহ উপসচিব (চলতি দায়িত্ব) কমন সার্ভিস বিভাগ	৩১/৭/২৩ ৪:১১ অপরাহ্ন প্রকৌশলী শারমিন হক আমীর সচিব সচিবের দপ্তর	~~৩১/৭/২৩ ৪:১১ অপরাহ্ন মোঃ আক্তারুজ্জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর~~

সংযুক্তিসমূহ (১):
১। প্রধান প্রকৌশলী ও প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তর হতে প্রাপ্ত চাহিদাপত্র.

অনুচ্ছেদ ২১.১ - তারিখঃ ১/৮/২৩ ৯:১১ পূর্বাহ্ন

Approved

১/৮/২৩ ৯:১২ পূর্বাহ্ন মোঃ আক্তারুজ্জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	২/৮/২৩ ১২:২৭ অপরাহ্ন প্রকৌশলী শারমিন হক আমীর সচিব সচিবের দপ্তর	৩/৮/২৩ ১১:২৪ পূর্বাহ্ন শেখ এনায়েত আব্দুল্লাহ্ উপসচিব (চলতি দায়িত্ব) কমন সার্ভিস বিভাগ	~~৩/৮/২৩ ১১:২৪ পূর্বাহ্ন~~ ~~মোঃ শাহ আলম~~ ~~কমিউনিকেশন অফিসার~~ ~~কমিউনিকেশন সেকশন~~

অনুচ্ছেদ ২১.২ - তারিখঃ ৩/৮/২৩ ২:০১ অপরাহ্ন

উপরোক্ত নোটানুচ্ছেদ ২১.০ এর প্রস্তাব উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) কর্তৃক অনুমোদিত হয়েছে (অনুচ্ছেদ ২১.১ সদয় দ্রষ্টব্য)। অনুমোদন অনুযায়ী টেলিফোন সেট ও অন্যান্য মালামাল ক্রয় বাবদ ২৪,৯৯০/- (চব্বিশ হাজার নয়শত নব্বই) টাকা উপ-সচিব (কমন সার্ভিস) এর অনুকূলে অস্থায়ী অগ্রিম পরিশোধের অনুরোধ জানিয়ে হিসাব বিভাগে পত্র দেয়া যেতে পারে। পত্রের খসড়া প্রস্তুত করে অনুমোদন ও জারি করার লক্ষ্যে নথিতে পেশ করা হলো।

৩/৮/২৩ ২:১৬ অপরাহ্ন মোঃ শাহ আলম কমিউনিকেশন অফিসার কমিউনিকেশন সেকশন	৩/৮/২৩ ৩:২৯ অপরাহ্ন শেখ এনায়েত আব্দুল্লাহ্ উপসচিব (চলতি দায়িত্ব) কমন সার্ভিস বিভাগ	৩/৮/২৩ ৩:৪৩ অপরাহ্ন মোঃ শাহ আলম কমিউনিকেশন অফিসার কমিউনিকেশন সেকশন

তারিখঃ ৩/৮/২৩ ৩:২৮ অপরাহ্ন

২৪,৯৯০/- টাকা অস্থায়ী অগ্রিম পরিশোধ করণ প্রসঙ্গে।, নম্বর ৪৬.০৫.০০০০.২০৪.০১.০০১.১৮.২৭, প্রেরণের তারিখ: ০৩-০৮-২০২৩ (অনুচ্ছেদ পত্র)